দৈনিক জনকণ্ঠ

NOV. 15 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ...

# নতুন ধরনের শিশু শিক্ষালয় নালন্দার যাত্রা শুরু, পরিবেশ সংক্রান্ত পথনাটক

স্টাফ রিপোর্টার

ঢাকার মিরপুরে 'নালন্দা' নামে নতুন ধরনের একটি শিশু শিক্ষালয় আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করছে আজ বৃহস্পতিবার। এর অধ্যক্ষ হিসাবে দায়িত্ব নিয়েছেন শিক্ষাবিদ ও শিল্পী সনজীদা খাতুন। উদ্বোধনী অনুষ্ঠান আজ বিকাল চারটায়।

নালন্দা উদ্বোধন করবেন প্রখ্যাত কথাশিল্পী হাসান আজিজুল হক।

বিজ্ঞানভিত্তিক লেখাপড়ার সঙ্গে সঙ্গে মানস বিকাশের অনুকূল দেশীয় সংস্কৃতির পরিচয়ের ভিতর দিয়ে শিশুদের পরিপূর্ণ মানুষ করে গড়ে তুলবার জন্য এই বিদ্যালয়ের কাজ শুরু হচ্ছে। দেশের বিশিষ্ট শিক্ষক, চিত্রশিল্পী এবং নাট্যশিল্পীরা এই আন্দোলনের সঙ্গে যুক্ত রয়েছেন। নালন্দা নামের শিশু শিক্ষা প্রতিষ্ঠানটির ঠিকানা হচ্ছে মিরপুর ১৩ নম্বরের (এস ও এস শিশুপল্লী সংলগ্ন) চার নম্বর বাড়ি।

কোথায় কখন

### পরিবেশ সংক্রান্ত পথনাটক

ব্রিটিশ কাউন্সিলের তত্ত্বাবধানে আজ বৃহস্পতিবার টিএসসিতে এবং আগামীকাল সংসদ ভবন এলাকায় পরিবেশ সংক্রান্ত দু'টি পথনাটক পরিবেশন করা হবে। আয়োজন করছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা ও সঙ্গীত বিভাগ।

ব্রিটিশ কাউন্সিলের উদ্যোগে থিয়েটার প্রশিক্ষক মেরেমা রয়টার গত আগস্টে পরিবেশসংক্রান্ত পথনাটক বিষয়ে প্রশিক্ষণ দিয়েছেন। তারই পরবর্তী কার্যক্রম হিসাবে কর্মশালায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠান/থিয়েটার সংগঠনসমূহ এই পথনাটকগুলো মঞ্চায়ন করছে।